



শ্রেণিঃ ষষ্ঠ

বিষয়ঃ বাংলা ২য় পত্র

বাগর্থ

লেকচার - ১

তারিখঃ ১৬/০৮/২০২০

বাগর্থঃ

শব্দ ও বাক্যের অর্থ সম্পর্কে বিস্তৃত আলোচনা করা হয় বাগর্থ অধ্যায়ে।

রূপক শব্দঃ

কোনো শব্দ যখন অভিধান অতিরিক্ত অর্থ প্রকাশ করে তখন তাকে রূপক বলে। অভিধানে শব্দের প্রতিটি শব্দের একটি অর্থ থাকে, কিন্তু ব্যবহারের সময় দেখা যায় অনেক ক্ষেত্রেই শব্দটি সেই অর্থে ব্যবহার করা হচ্ছে না। যেমনঃ পতন শব্দটির অর্থ “উপর থেকে নিচে পড়া”। আইয়ুব খানের পতন হয়েছে। এই বাক্যে পতন বলতে উপর থেকে নিচে পড়া বোঝায় না। আইয়ুব খানের শাসনকাল শেষ বা সমাপ্ত হওয়া বুঝিয়েছে।

দ্বিরুক্ত শব্দঃ

দ্বিরুক্ত অর্থ দুইবার উক্ত হয়েছে এমন। বাংলা ভাষায় এমন কিছু শব্দ আছে যেগুলো একবার ব্যবহার করলে যে অর্থ প্রকাশ পায়, সেগুলো দুইবার ব্যবহার করলে তা ভিন্ন কোনো অর্থ প্রকাশ করে। অর্থাৎ একটি শব্দ একবার উচ্চারিত হলে যে অর্থ প্রকাশ করে তা দুইবার উচ্চারণ করলে সেই অর্থ পরিবর্তিত হয়। একেই দ্বিরুক্ত শব্দ বলে। যেমনঃ ফুলে ফুলে ঘর ভরে গেছে। এখানে একবার ফুলে ব্যবহার করলে যা বোঝাতো, দুইবার ফুলে ফুলে ব্যবহার করায় অর্থের সম্প্রসারণ ঘটেছে।

পারিভাষিক শব্দঃ

বিশেষ অর্থ বহন করে এমন শব্দগুলো হল পারিভাষিক শব্দ। জ্ঞানবিজ্ঞান চর্চায় এমন কিছু শব্দ পাওয়া যায় যেগুলোর সাথে আমরা পরিচিত না। এগুলোর বাংলা সমার্থক শব্দও পাওয়া যায় না।

এই কারণে তৈরি করতে হয় পারিভাষিক শব্দ। পরিভাষা তৈরির নীতি হচ্ছে উৎস ও লক্ষ্য এর মধ্যে এক - এক সম্পর্ক রক্ষা। Award অর্থ পুরস্কার এখানে Award হল উৎস এবং পুরস্কার হল লক্ষ্য। নিচে উৎস সহ কিছু পারিভাষিক শব্দ দেওয়া হলোঃ

Background - পটভূমি

Catalogue - তালিকা

By product - উপজাত

Cable - তার

By order - আদেশক্রমে

Call - ডাকা, তলব

Break of studies - অধ্যয়ন বিরতি

Campus - অঙ্গন, শিক্ষাঙ্গন

Book Binder - দপ্তরি, যে বই বাঁধে

Calender Year - পঞ্জিকা বর্ষ

Bio-Data - জীবন বৃত্তান্ত

Caption - শিরোনাম

Biography - জীবনী

Cash - নগদ

Bacteria - পরজীবী

Cartoon - ব্যঙ্গচিত্র

Banker - ব্যাংক মালিক, ব্যাংকের পরিচালক

Chapter - অধ্যায়

Balancing - সমীকরণ

Chief Guest - প্রধান অতিথি

বাগধারাঃ

বাগধারা হলো কথা বলার বিশেষ রীতি বা ধারা। বাগধারাকে বিশিষ্টার্থক শব্দও বলা হয়। শব্দের, বাক্যের বা বাক্যাংশের প্রচলিত অর্থ না বুঝিয়ে যখন বিশিষ্ট কোনো অর্থ বোঝায় তাকে বাগধারা বলে। নিচে কিছু বাগধারা দেওয়া হলোঃ

বাগধারা	অর্থ	বাক্যে প্রয়োগ
১। কড়ায় গণ্ডায়	সম্পূর্ণ রূপে, পুরোপুরি	দোকানের পাওনা কড়ায় গণ্ডায় শোধ দিও।

২। কলুর বলদ	পরের নির্দেশে নির্বিকার খেটে মরে যে	এভাবে কলুর বলদের মত খেটে খেটে জীবনটা শেষ করে দিও না – নিজের বুদ্ধি খাটাও।
৩। কূপমন্ডুক	সীমাবদ্ধ জ্ঞান	দেশভ্রমণ করো, কূপমন্ডুক হয়ে বসে থেকো না।
৪। কথার কথা	গুরুত্বহীন কথা	ওসব কথার কথায় কান দিতে নেই, নিজের কাজে মন দাও।
৫। কপালের ফের	অদৃষ্টের ফল	সবই ওর কপালের ফের, নইলে চেপ্টা তো আর কম করেনি তবু এবারও পরীক্ষায় পাস হলো না।
৬। কোনো ব্যাঙ	সংকীর্ণ চিন্তা চেতনার ব্যক্তি	তোমার মতো কোনো ব্যাঙ দিয়ে দেশের কোনো উপকারই হবে না।
৭। কান পাতলা	যে সহজে বিশ্বাস করে	তাহমিনার মতো কান পাতলা মেয়েকে দলে টানতে সময় লাগবে না।
৮। কানাকড়ি	কপর্দক	কানাকড়ির মুরোদ নেই, জন্মদিনের উৎসব করবে।
৯। খয়ের খাঁ	চাটুকার, ধামাধরা	কারো খয়ের খাঁ হয়ে সম্পদ বাড়াতে পারলেও সম্মান বাড়ানো যায় না।
১০। খাবি খাওয়া	হিমশিম খাওয়া	স্থির হয়ে ঠাণ্ডা মাথায় হিসেব মিলাতে হবে চেপ্টা করো, নইলে খাবি খেয়ে মরবে।
১১। খণ্ড কপাল	দুর্ভাগ্য	মেয়েটির খণ্ড কপাল, শৈশব কেটেছে বিমাতার ঘরে বিয়ের পর শাশুড়ি-ননদের সংসারে-কোথাও দুদণ্ড স্বস্তি পেল না।

১২। গলায় গলায়	নিবিড় ঘনিষ্ঠতায়	মিতা-রিতা দুইবোন গলায় গলায় ভাব।
১৩। গোবরে পদ্মফুল	নীচ কূলে মহৎ ব্যক্তি	দরিদ্র দিনমজুরের ছেলে এখন মস্তবড় ডাক্তার, এ যেন গোবরে পদ্মফুল।
১৪। গলায় দড়ি	আত্মহত্যা	ঋণের টাকা শোধ দিতে না পারলে আমার গলায় দড়ি দেয়া ছাড়া আর উপায় নেই!
১৫। গাছে কাঁঠাল গোঁফে তেল	প্রাপ্তির আগেই ভোগের আয়োজন	এখনো চাকরি হলো না, বেতনের টাকায় মোতর সাইকেল কিনবে-এ দেখছি গাছে কাঁঠাল আর গোঁফে তেল।
১৬। গোবর গণেশ	নিতান্ত বোকা, অকর্মণ্য ব্যক্তি	ওর না আছে বুদ্ধি, না আছে শক্তি, ওর মতো গোবর গণেশ চালাবে ব্যবসায় প্রতিষ্ঠান তাহলেই হয়েছে।
১৭। গোঁফ খেজুরে	অত্যন্ত অলস	গোঁফ খেজুরে মফিজকে দিয়ে আর যাই হোক, সমাজ সেবা হবে না।
১৮। গোল্লায় যাওয়া	উচ্ছন্নে যাওয়া	প্রবাসী পিতার অটেল টাকা হাতে পেয়ে ছেলোটি গোল্লায় গেছে।
১৯। গায়েপড়া	অযাচিত ঘনিষ্ঠতা	তোমার এই গায়ে পড়া স্বভাব পাল্টাতে হবে।
২০। গো - বেচারা	নিরীহ ব্যক্তি	শফিক সাহেবের মতো এমন গো-বেচারা এ মহল্লায় দুটি নেই।
২১। গলা কাটা	অস্বাভাবিক, সাংঘাতিক	ঐ বাজারে সব জিনিসেরই গলাকাটা দাম।
২২। গভীর জলের মাছ	অতি চতুর	রহিম সাহেব গভীর জলের মাছ, তার নাগাল পাওয়া সহজ নয়।

২৩। ঘোড়ার ডিম	অলীক বস্তু	সারা বছর বই এর সাথে দেখা নাই, এবার পরীক্ষায় পাবে ঘোড়ার ডিম।
২৪। ঘাটের মড়া	অতিবৃদ্ধ যে মরতে বসেছে	এত টাকার লোভেও ঘাটের মড়ার সাথে মেয়ের বিয়ে দিতে রাজি হলো না হতদরিদ্র সাহেব আলী।
২৫। ঘটিরাম	অপদার্থ	শফিকের মতো ঘটিরামকে দিয়ে এ কাজ হবে না।
২৬। ঘুঘু চরানো	সর্বস্বান্ত করা	তুমি কি জমিদার নাকি যে আমার ভিটায় ঘুঘু চরাবে?
২৭। ঘোড়া রোগ	বাতিক	পেটে ভাত জোটে না আবার সিনেমা দেখতে যাওয়ার শখ, বলি গরিবের এই ঘোড়া রোগ কেন?
২৮। ঘরে আগুন দেয়া	সংসারে বিপদ ঘটানো	শহিদ তোমার কি ক্ষতি করেছে যে, তুমি অর সংসারে আগুন দিতে চাচ্ছে?
২৯। চোখের বালি	চক্ষুশূল	মা মরা মেয়েটি সংসারের চোখের বালি হয়ে আছে।
৩০। চোখের চামড়া	লজ্জা	এত বকাঝকির পর আবার এসেছো এই বাড়িতে, তোমার কি চোখের চামড়া বলতে কিছুই নেই?
৩১। ছেলের হাতের মোয়া	সহজলভ্য বস্তু	পরীক্ষায় জিপিএ ৫ পাওয়া ছেলের হাতের মোয়া নয় যে পড়ালেখায় অবহেলা করলেও তা পাওয়া যাবে।

৩২। ছিনিমিনি খেলা	অপব্যয়ে করা, নষ্ট করা	ধনী বাবার একমাত্র পুত্র সোহ্রাব টাকা-পয়সা নিয়ে ছিনিমিনি খেলে বেড়াচ্ছে।
----------------------	------------------------	--

জ্ঞানমূলক প্রশ্নঃ

- ১। রূপক শব্দ কাকে বলে? উদাহরণসহ বুঝিয়ে লিখ।
- ২। দ্বিরুক্ত শব্দ কাকে বলে? উদাহরণসহ বুঝিয়ে লিখ।
- ৩। পারিভাষিক শব্দ কাকে বলে? উদাহরণসহ বুঝিয়ে লিখ।
- ৪। বাগধারা কী? উদাহরণ দাও।
- ৫। লেকচার শীট এর সব পারিভাষিক শব্দ মুখস্ত করবে ও লিখবে।
- ৬। লেকচার শীট এর সব বাগধারা মুখস্ত করবে ও লিখবে।
- ৭। বই এর অনুশীলনীর সব বহুনির্বাচনি প্রশ্ন-উত্তর সমাধান করবে।
- ৮। ভাবসম্প্রসারণ - “বিশ্বে যা কিছু মহান সৃষ্টি চিরকল্যাণকর/অর্ধেক তার করিয়াছে নারী,
অর্ধেক তার নর।” পড়বে ও লিখবে।

শিক্ষক -

শাহরিন সুলতানা মৌলী